

প্রশ্নপত্র ফাঁস
ইউজিসির কর্মকর্তাসহ
তিনজন দুই দিনের
রিম্যান্ডে

আদালত প্রতিবেদক ●

প্রশ্নপত্র ফাঁস ও উত্তরপত্র জালিয়াতির অভিযোগে গ্রেপ্তার হওয়া বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সহকারী পরিচালক ওমর সিরাজসহ তিনজনের দুই দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।

মামলার তদন্ত কর্মকর্তা শেরেবাংলা থানার উপপরিদর্শক আহাদ আলীর আবেদনের পরিপ্রেক্ষিতে গতকাল রোববার ঢাকার মহানগর হাকিম সিদ্ধা রানী চক্রবর্তী এ আদেশ দেন।

গত শুক্রবার আগারগাঁওয়ে ইউজিসির কার্যালয়ে অভিযান চালিয়ে ওমর সিরাজসহ প্রশ্নপত্র ফাঁসকারী চক্রের তিনজনকে গ্রেপ্তার করে রাখা হয়। বাকি দুজন হলেন জুডিশিয়াল সার্ভিস কমিশনের ডায়েরিস্ট রিজাউল করিম ও তাঁদের সহযোগী ঈশান ইনতিয়াজ। তাঁদের বিরুদ্ধে অভিযোগ, মেডিকেল ভর্তি পরীক্ষাসহ বিভিন্ন সরকারি নিয়োগ ও ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস এবং জালিয়াতি করে পাস করিয়ে দিতে চুক্তিবদ্ধ হতে তাঁরা। তাঁদের বিরুদ্ধে পাবলিক সার্ভিস পরীক্ষা আইনে শেরেবাংলা নগর থানায় মামলা হয়।

তিন আসামিকে আদালতে হাজির করে সাত দিনের রিমান্ডে নেওয়ার আবেদন করে পুলিশ। রিমান্ড আবেদনে বলা হয়, শুক্রবার সারা দেশে মেডিকেল কলেজের ভর্তি পরীক্ষা চলাকালে প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িত সন্দেহে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কার্যালয় থেকে এই তিনজনকে গ্রেপ্তার করা হয়। তাঁদের কাছ থেকে চলতি বছরের জুডিশিয়াল সার্ভিস কমিশনের সহকারী জজ নিয়োগ পরীক্ষার ২৩টি উত্তরপত্র, একই পরীক্ষার দুটি প্রশ্নপত্র, বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের সিল, বিভিন্ন ব্যাংকের চেক বই জব্দ করা হয়েছে।